ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



জাতীয় পুরস্কার নিতে যাওয়ার টাকা ছিল না মিঠুনের কাছে?

পৃঃ ৫

সর্বাধিক উইকেট শিকারের রেকর্ড মিচেল স্টার্কের



পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭৪ ● কলকাতা ● ১২ আষাঢ়, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২৭ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## দুই বিধায়কের শপথ হলো না- রাজ্যপাল উড়ে গেলেন দিলি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আশঙ্কাই শেষ পর্যন্ত সত্যি হল। রাজ্যপাল সিভি আনন্দ বোস বিধানসভায় গেলেন না। তাই নির্ধারিত সুচি মেনে নবনির্বাচিত দুই বিধায়কের বুধবার শপথ গ্রহণ হলো না। রাজ্যপাল সিভি আনন্দ বোস দুপুরেই রাজভবন থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা দেন। এই বিষয়ে সাংবাদিকরা রাজ্যপালকে প্রশ্ন করতে চাইলে রাজ্যপালের গাড়ি সাংবাদিকদের সামনে পর্যন্ত দাঁড়ায়নি। তবে রাজভবনের তরফ থেকে জানানো হয়েছে, রাজ্যপাল নির্দিষ্ট সময় পর্যন্ত দুই বিধায়কের জন্য অপেক্ষা করেছিলেন। রাজভবন শপথবাক্য পাঠ করানোর জন্য সম্পূর্ণ প্রস্তুত ছিল। কিন্তু শপথ গ্রহণ করতে নবনির্বাচিত দুই বিধায়ক রাজভবনে যাননি। কিছুতেই তারা রাজভবনে গিয়ে শপথ গ্রহণ করবেন না। এই কথা সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় সাফ জানিয়ে দিয়েছিলেন। বিধানসভার

এরপর ৩ পাতায়

## অষ্টাদশ লোকসভার দ্বিতীয়বারের জন্য


### সাংসদ ভবনের স্পিকার নির্বাচিত হলেন ওম বিড়লা,শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন : সদ্য শেষ হওয়া অষ্টাদশ লোকসভা নির্বাচনের গত সোমবার মোদি এবং তার মন্ত্রিসভার সকল সংসদরা শপথ নেয় একই সঙ্গে গত মঙ্গলবার শপথ নেন পশ্চিমবঙ্গের ৪২ জন সাংসদ দিল্লির সংসদ ভবনে। শপথ নেওয়ার পাশাপাশি দ্বিতীয়বারের জন্য সাংসদ ভবনের স্পিকার হিসেবে বুধবার সকালে নির্বাচিত হয়ে হলেন রাজস্থানের সাংসদ ওম বিড়লা।স্পিকার পদে নির্বাচনের জন্য প্রার্থী দিয়েছিল বিরোধী জোট ইন্ডিয়া। বুধবার ছিল সেই ভোটাভুটি। ১১টা নাগাদ সেই ভোটাভুটি শুরু হয়। ভোটে সংখ্যাগরিষ্ঠতায় জিতে যান গুজরাতের সাংসদ ওমই। বুধবার ছিল সেই ভোটাভুটি। ১১টা নাগাদ সেই ভোটাভুটি শুরু হয়। ভোটে সংখ্যাগরিষ্ঠতায় জিতে যান রাজস্থানের সাংসদ ওমই। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে জয়ের জন্য অভিনন্দন জানান। একই সঙ্গে ওমের হাসিমুখে সংসদ পরিচালনার প্রশংসাও করেন তিনি। প্রধানমন্ত্রী মোদী বলেন,আমি লোকসভার সকলের তরফে আপনাকে অভিনন্দন জানাতে চাই। অমৃতকালে আপনি দ্বিতীয়বার এই দায়িত্বভার পেলেন আপনি। আমরা আশা করছি আপনি আপনার অভিজ্ঞতার সাহায্যে আপনি আগামী পাঁচ বছর আমাদের পথ দেখাবেন। তবে আমি বলব, আপনার মুখের ওই মিষ্টি হাসি গোটা সংসদেরই মন ভাল রাখে।তবে একই সঙ্গে মোদী বলেন, স্পিকার পদ সংসদীয় গণতন্ত্রের এক অতি গুরুত্বপূর্ণ পদ। সাংসদদের আচরণ এবং তাঁদের দায়িত্ববোধকে নিয়ন্ত্রণ করে দেশের মানুষের কাজ করানো, তাঁদের বিশ্বাস বজায় রাখতে হয় স্পিকারকে।

## লোকসভার স্পিকার ওম বিড়লা কে শুভেচ্ছা জানালেন

# নরেন্দ্র মোদী থেকে রাহুল গান্ধী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৮ তম লোকসভার প্রথম অধিবেশনে সংসদের নিম্নকক্ষের স্পিকার হিসাবে নির্বাচিত হলেন বিজেপি সাংসদ ওম বিড়লা। এই নিয়ে দ্বিতীয়বার ওম বিড়লা লোকসভার স্পিকার পদের দায়িত্ব পেলেন। বুধবার ধ্বনি ভোটে তিনি এই পদে নির্বাচিত হয়েছেন। ওম বিড়লা ২.০র যাত্রাকাল শুরু হতেই তাঁকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী থেকে বিরোধী দলনেতা রাহুল গান্ধী, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুরা। এদিকে, মোদী তাঁর শুভেচ্ছা বার্তায় বলেন, 'আপনার মিষ্টি হাসি গোটা হাউসকে খুশি রাখে। সংসদের ইতিহাস বলছে, বলরাম জাখরের পর ওমন বিড়লাই লোকসভার এমন একজন স্পিকার, যিনি পর পর ২ বার পূর্ণসময়কালের জন্য এই পদে নির্বাচিত হলেন। এদিকে, ওম বিড়লাকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নরেন্দ্র মোদী তাঁর শুভেচ্ছা বার্তায় বলেন, 'আমি এই কক্ষের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন জানাতে চাই। অমৃত কালের সময় এই পদে দ্বিতীয়বার বসতে পারাটা আপনার জন্য বিশাল দায়িত্ব।' একইসঙ্গে মোদী বলেন, ও আমরা আশা করি, আপনার অভিজ্ঞতাকে সঙ্গে নিয়ে আপনি আগামী ৫ বছরের জন্য আমাদের গাইড করবেন। দ্বিতীয়বারের মতো স্পিকার হওয়া নিজেই একটি রেকর্ড।' এর আগে সংসদীয় নিয়ম মেনে ওম বিড়লাকে স্পিকারের চেয়ার পর্যন্ত এগিয়ে দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তার আগে ধ্বনি ভোটে বিজেপির সাংসদ ওম বিড়লা সংসদের নিম্নকক্ষের স্পিকার পদে দ্বিতীয়বারের

এরপর ৩ পাতায়

## সিবিআই এর হাতে

### গ্রেফতার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিয়াল, সুপ্রিমকটে জামিনের আর্জি খারিজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইডির পর এবার সিবিআই এর হাতে গ্রেফতার হলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। যদিও আবগারি দুর্নীতি মামলায় ইডির হাতে আগে তিনি গ্রেফতার হয়ে তিহার জেলে বন্দি ছিলেন। সিবিআই সেখানেই তাকে জেরা করেন। এডি এবং সিবিআই দুই জায়গাতেই কেজরিওয়ালের বিরুদ্ধে মামলা রয়েছে। সুপ্রিম কোর্টে তিনি জামিনের আর্জি জানালেও সিবিআই এর হাতে গ্রেপ্তারের পরে সুপ্রিম কোর্ট সেই আর্জি খারিজ করে দেয়। আবগারি দুর্নীতি মামলায় দিল্লির রাউস অ্যাভিনিউ কোর্ট ১ লক্ষ টাকার বন্ডে তাকে জামিন দিয়েছিল। ইডি এই কোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে দিল্লি হাইকোর্টে আর্জি জানালে দিল্লি হাইকোর্ট জামিন এর আর্জিকে

এরপর ৩ পাতায়








## 'দখলদার' উচ্ছেদে বাধা দিতে বললেন

# রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'দখলদার' উচ্ছেদে বাধা দিতে বললেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। জানিয়ে দিলেন, প্রয়োজনে তিনি নিজে বুলডোজ়ারের সামনে দাঁড়াতে রাজি আছেন। 'দখলদার' উচ্ছেদ করতে বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে নির্দেশ দিয়েছেন, তা 'অমানবিক' বলেও মন্তব্য করেছেন শুভেন্দু। তিনি জানিয়েছেন, তিনি বা তাঁর দল বেআইনি ভাবে সরকারি জমি অধিগ্রহণের পক্ষে নেই।বিদ্যুতের বর্ধিত মূল্য নিয়েও প্রতিবাদের পথে হাঁটছে বিজেপি। শুভেন্দু জানিয়ে দিয়েছেন, বিদ্যুতের বর্ধিত মূল্য প্রত্যাহার না করা হলে তাঁরা বিক্ষোভ কর্মসূচির আয়োজন করবেন। এক সপ্তাহের মধ্যে বিদ্যুতের মূল্য প্রত্যাহার করতে হবে, দাবি বিজেপির। শুভেন্দু বলেন, "আগামী সোমবার আমাদের তিন কাউন্সিলর সিইএসসি দফতরে যাবেন এবং বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবি জানাবেন। তা করা না হলে ৮ জুলাইয়ের পর আমরা সিইএসসি অভিযানের তারিখ ঘোষণা করব। ১৫ তারিখের পর বিধাননগরের বিদ্যুৎ ভবন অভিযান হবে।'' বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা সিইএসসিকে দুষে তিনি আরও বলেন, ''আমরা রাজ্য সরকারের অনুমোদনকারী সংস্থার কাছে এই মূল্য প্রত্যাহারের দাবি জানাচ্ছি। সিইএসসিকে কিছু বলছি না। কারণ তারা কর্পোরেট সংস্থা। তারা নির্বাচনী বন্ডের মাধ্যমে তৃণমূলকে ৪০০ কোটি টাকা চাঁদা দিয়েছে। জনগণের কাছ থেকে তাদের তো টাকা তুলতেই হবে। রাজ্য সরকারের কাছে তাই আমাদের এই দাবি।''কিন্তু রাজ্যের সর্বত্র নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে এই কাজ করতে হবে। এর জন্য আগে রাজ্য সরকারকে এসওপি (স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর) তৈরি করতে হবে বলেও দাবি করেছেন শুভেন্দু।

বুধবার বিকেলে কলকাতায় বিজেপির সদর দফতরে সাংবাদিক বৈঠক করেন শুভেন্দু। সেখানেই 'দখলদার' উচ্ছেদের বিরোধিতা করেন তিনি। শুভেন্দু বলেন, "বিভিন্ন পুরসভা এলাকায় মধ্যবিত্ত, নিম্নবিত্তদের সামান্য রোজগারের উপরে ভয়াবহ অর্থনৈতিক অবরোধ নামিয়ে আনা হয়েছে। বিজেপির তরফে এর বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানাচ্ছি। সরকারি জমি দখলের বিরুদ্ধে রাজ্য সরকার যে উদ্যোগী হয়েছে, আমরা প্রথমে তা মহৎ মনে করেছিলাম। কিন্তু পরে দেখলাম, সরকারি জমি আদৌ উদ্ধার হচ্ছে না। বিশেষ কয়েকটি এলাকায় সাধারণ গরিব মানুষের ক্ষতি করা হচ্ছে। সবটাই হচ্ছে ক্যামেরার সামনে। অর্থাৎ, কাজের চেয়ে প্রচারের তাগিদ বেশি। "নিজেদের অবস্থান ব্যাখ্যা করে শুভেন্দু আরও বলেন, ''পুর এলাকায় পরিচ্ছন্নতার পক্ষে বিজেপি। কিন্তু আমাদের প্রশ্ন, দার্জিলিং থেকে দিঘা, কলকাতা থেকে কাকদ্বীপ সর্বত্র এই কাজ করা হচ্ছে কি? না কেবল বিধাননগর, হাতিবাগান-সহ উত্তর এবং দক্ষিণ কলকাতার বিশেষ কিছু এলাকায় এই অভিযান চলছে? জেলা থেকে যে গরিব মানুষেরা প্রতি দিন কলকাতায় এসে সামান্য হকারি করে পেট চালান, এটা কি শুধু তাঁদের জন্য? না গোটা রাজ্যে এ নিয়ে কোনও নীতি তৈরি হয়েছে? আমার দাবি, প্রথমে একটি এসওপি তৈরি করুন। সরকারি জমি চিহ্নিত করুন। মানুষকে নোটিস দিয়ে জমি ছাড়তে বলুন।''সরকারি জমি ছেড়ে দিয়ে কেউ যদি বিপদে পড়েন, তাঁদের সাহায্য করার কথাও সরকারকে বলেছেন শুভেন্দু। তাঁর কথায়, "হকার উচ্ছেদ করার পর প্রান্তিক গরিব মানুষকে বিকল্প কর্মসংস্থানের সুযোগ করে দিতে হবে। মুখ্যমন্ত্রী তো বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় বলেছেন, তিনি অনেককে চাকরি দিয়েছেন। এ বার কয়েক লক্ষ হকারকেও চাকরি দিন!'' সরকারের এই অভিযানের ফলে বহু দরিদ্র মানুষ কাজ হারাচ্ছেন বলে জানান শুভেন্দু। বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যাবে, হয়তো তাঁরাই ছিলেন পরিবারের একমাত্র রোজগেরে সদস্য। এঁদের পাশে দাঁড়ানোর কথা বলেছেন বিরোধী দলনেতা।শুভেন্দু বলেন, "আমরা আর এক দিন দেখব। শুক্রবারও অন্যায় ভাবে এই অত্যাচার চললে, আমরা হকারদের পাশে থাকব। প্রয়োজনে আমি নিজে বুলডোজ়ারের সামনে গিয়ে দাঁড়াব। লালবাজারের পুলিশ অন্যায় ভাবে গরিব মানুষদের ব্যবসার জিনিস তুলে নিয়ে যাচ্ছে। এটা মানবতাবিরোধী কাজ। কলকাতা-সহ বিভিন্ন পুরসভা এলাকায় তৃণমূলের চেয়ে বিজেপি বেশি ভোট পেয়েছে। এটা ওদের সেই হারের জ্বালার বহিঃপ্রকাশ। হকার উচ্ছেদ হলে সকলে বাধা দিন। আমরা পাশে থাকব। আমি আমার দলের কর্মীদেরও অনুরোধ করব। আশা করছি, মুখ্যমন্ত্রী যে অমানবিক নির্দেশ দিয়েছেন, তা দ্রুত প্রত্যাহার করবেন।''উল্লেখ্য, 'দখলদার'দের সংগঠনের সঙ্গে মেয়র ফিরহাদ হাকিম এবং মেয়র পারিষদ দেবাশিস কুমার বুধবার পুরসভায় বৈঠকে বসেছিলেন। বৃহস্পতিবার রাজ্যের আমলা, প্রশাসনিক কর্তা, কলকাতা-সহ বিভিন্ন পুলিশ কমিশনার, জেলাশাসকদের সঙ্গে দখলদার সমস্যা নিয়ে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। সেই বৈঠকেই 'দখলদার' উচ্ছেদের নির্দেশ প্রত্যাহার করতে হবে বলে দাবি করেছেন শুভেন্দু।


## দাপুটে তৃণমূল কংগ্রেস নেতা

# আরাবুল ইসলামের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ করলেন ক্যানিং পূর্বের বিধায়ক সওকত মোল্লা



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** ক্যানিং পূর্বের বিধায়ক সওকত মোল্লা ভাঙ্গরে দাপুটে তৃণমূল কংগ্রেস নেতা আরাবুল ইসলামের বিরুদ্ধে একের পর এক বিস্ফোরক অভিযোগ করলেন। ক্যানিং পূর্বের এই বিধায়ক অভিযোগ করেছেন ৬ থেকে ১৫ লক্ষ টাকায় পঞ্চায়েতে টিকিট বিক্রি করা হয়েছে। এমনকি তিনি আরো অভিযোগ করেন আরাবুল ইসলাম পঞ্চায়েত প্রধানের টিকিট প্রায় ৩০ লক্ষ টাকায় বিক্রি করেছেন। পঞ্চায়েত নির্বাচনের সঙ্গে ভাঙ্গরে আইএসএফের সঙ্গে গোপন আঁতাত করেছিলেন তিনি। এই জন্যই ভাঙ্গরে তৃণমূল কংগ্রেস পঞ্চায়েতের খারাপ ফল করেছে।

ক্যানিং পূর্বের বিধায়ক সওকত মোল্লার এই অভিযোগে রাজনৈতিক মহলে শোরগোল ফেলে দিয়েছে। এই প্রকাশ্য সভায় সওকত মোল্লা ভাঙ্গরে তৃণমূল কংগ্রেস কর্মীর স্বামীকে খুনের ঘটনার চক্রান্তের অভিযোগ আনেন আরাবুল ইসলামের বিরুদ্ধে। সওকত মোল্লা দাবি করেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায় নাকি এই কথা তাকে জানিয়েছেন। সম্প্রতি নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শহর এবং জেলার পুরো আধিকারিকদের তীব্র ভৎসনা করেছিলেন। গোটা রাজ্যে কাটমানি এবং দখলদারি দেওয়া নিয়ে পৌরসভার চেয়ারম্যান এবং কাউন্সিলরদের তীব্র আক্রমণ করেছিলেন। সিপিআইএম নেতা ডঃ সুজন চক্রবর্তী কলকাতা পুরসভা নির্বাচনে কোটি কোটি টাকায় টিকিট বিক্রি হয়েছে বলে অভিযোগ করেন। সুজন চক্রবর্তী প্রশ্ন তুলেছেন পুরসভা নির্বাচনে যে টাকায় টিকিট বিক্রি হয়েছে সেটার তদন্ত কে করবে? পাশাপাশি বিজেপি নেতা সজল ঘোষ জানিয়েছেন, রাজ্যে পিসি ভাইপোর লড়াই চলছে বলেই এই তথ্য প্রকাশ্যে আসছে।



## নিয়োগ দুর্নীতি মামলায়

# চাঞ্চল্যকর মোড়, বিকাশভবনে পৌঁছে গেল সিবিআই

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি মামলায় চাঞ্চল্যকর মোড়। বিকাশভবনে পৌঁছে গেল সিবিআই। কলকাতা হাইকোর্টের নির্দেশে নিয়োগ দুর্নীতি মামলায় তদন্ত করছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সম্প্রতি এই মামলায় বেশ কয়েকজনকে জেরা করা। তদন্তে সিবিআইয়ের হাতে এসেছে বেশ কিছু নতুন তথ্য।বলে রাখা প্রয়োজন, গত কয়েকদিন আগেই নিয়োগ দুর্নীতি মামলায় তৃণমূল বিধায়ক তাপস সাহাকে দীর্ঘক্ষণ জেরা করেন আধিকারিকরা। এমনকি গলার স্বরের নমুনাও সংগ্রহ করা হয়।আর সেই তথ্যের সূত্র ধরেই এদিন বিকাশ ভবনে পৌঁছে যান সিবিআই আধিকারিকরা।জানা যাচ্ছে, চারজনের একটি টিম বিকাশ ভবনের নীচে ওয়্যার হাউসের তালা ভেঙে ঢুকেছেন। বলে রাখা প্রয়োজন, ওই ঘরে শিক্ষা দফতরের যাবতীয় নথি, ফাইল, পরীক্ষা সংস্থা শিট রাখা হয়।

শুধু তাই নয়, গত কয়েকদিনে টাকার বিনিময়ে চাকরি পেয়েছে এমন একাধিক ব্যাক্তকে জেরা করেন তদন্তকারীরা। তাদের জেরা করে বেশকিছু তথ্য পেয়েছেন সিবিআই আধিকারিকরা। উঠে এসেছে বেশ কয়েকজন মিডিলম্যানদের নাম। সম্ভবত সেই সূত্র ধরেই সম্ভবত এদিন বিকাশ ভবনে তল্লাশি চালাচ্ছেন আধিকারিকরা।

এরপর ৩ পাতায়

## বিশ্ব মাদক বিরোধী দিবসে জলপাইগুড়ি

# জেলা পুলিশের পক্ষ থেকে র‍্যালি বের করা হলো





**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** বিশ্ব মাদক বিরোধী দিবস উপলক্ষে জলপাইগুড়ি জেলা পুলিশের পক্ষ থেকে একটি র‍্যালি বের করা হয় বুধবার। এদিন জলপাইগুড়ি শহরের সোনাউল্লা বিদ্যালয়ের সামনে থেকে এই র‍্যালি বের করা হয়। উপস্থিত ছিলেন জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত সহ অনান্য পুলিশ আধিকারিকরা। বিশ্ব মাদক বিরোধী দিবস উপলক্ষে জলপাইগুড়ি শহরে এই র‍্যালি বের করা হয়। পাশাপাশি জানা গিয়েছে যে পুলিশের সঙ্গে র‍্যালিত অংশ নেন বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা। প্ল্যাকার্ড ও ব্যানারের মাধ্যমে মাদক সেবন বন্ধ করার জন্য আবেদন জানান পুলিশ আধিকারিকরা। বিশ্ব মাদক বিরোধী দিবস দিনটি পালনের মাধ্যমে শহর জুড়ে সচেতনতার প্রচার করা হয়।

## কৃষক কল্যাণ এবং উপভোক্তা ও

# শিল্পের স্বার্থরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে কেন্দ্র : শ্রী প্রহ্লাদ যোশী


**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় ক্রেতা বিষয়ক, খাদ্য ও গণবন্টন এবং নয়া ও পুনর্নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী শ্রী প্রহ্লাদ যোশী আজ নতুন দিল্লির ভারত মণ্ডপমে আন্তর্জাতিক চিনি সংস্থা (আইএসও)-র ৬৪তম কাউন্সিল বৈঠকের উদ্বোধন করেন। এই বৈঠক চলবে ২৭ জুন পর্যন্ত। ৩০টিরও বেশি দেশের বিশেষজ্ঞরা এই বৈঠকে যোগ দিয়েছেন এবং আখ, চিনি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ভবিষ্যতের সম্ভাবনা, চ্যালেঞ্জসমূহ এবং কৌশল নিয়ে তাঁরা আলোচনা করবেন। এর আগে, ২০১২

এরপর ৩ পাতায়







ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৭৪ সংখ্যা ২৭ জুন, ২০২৪ বৃহস্পতিবার ১২ আষাঢ়, ১৪৩১

৩ পাতার পর

## লোকসভার অধ্যক্ষ নির্বাচনের পর প্রধানমন্ত্রীর ভাষণ

প্রসঙ্গে নারী শক্তি বন্দন অধিনিয়ম, জম্মু-কাশ্মীর পুনর্গঠন আইন, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, সামাজিক সুরক্ষা সংহিতা, মুসলিম মহিলা বিবাহ অধিকার সংরক্ষণ বিধেয়ক, রূপান্তরকামীদের সুরক্ষা আইন প্রভৃতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, শ্রী বিড়লার অধ্যক্ষ পদে থাকার সময়ই এই আইনগুলি তৈরি করা হয়েছিল।

প্রধানমন্ত্রী বলেন, গণতন্ত্রের দীর্ঘ যাত্রায় বহু নতুন নতুন রেকর্ড তৈরি হয়েছে। সদস্যদের আশ্বস্ত করে শ্রী মোদী বলেন, নতুন সংসদ ভবন অমৃতকালের ভবিষ্যতের পথ প্রশস্ত করবে। বর্তমান অধ্যক্ষের সভাপতিত্বে নতুন সংসদ ভবনের উদ্বোধনের কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী এবং গণতন্ত্রের ভিত্তি মজবুত করার লক্ষ্যে তাঁর পদক্ষেপের প্রশংসা করেন। পি-২০ সম্মেলন অত্যন্ত সফলভাবে সম্পন্ন করার জন্য শ্রী বিড়লার প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

শ্রী মোদী বলেন, সংসদ শুধুমাত্র একটি প্রাচীর নয়, এটি ১৪০ কোটি নাগরিকের আশা-আকাঙ্ক্ষার কেন্দ্র। করোনা অতিমারীর সময়ে ব্যক্তিগত যোগাযোগ রাখা এবং সদস্যদের নিয়ে অধ্যক্ষের উদ্বেগের কথাও তাঁর ভাষণে তুলে ধরেন প্রধানমন্ত্রী। বেশ কয়েকটি কঠিন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অধ্যক্ষ যেভাবে ভারসাম্য রক্ষা করেছিলেন, তাঁরও প্রশংসা করেন প্রধানমন্ত্রী। পরম্পরা বজায় রেখে সভার মূল্যবোধকে তুলে ধরার জন্য অধ্যক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন শ্রী মোদী।

১৮তম লোকসভাও মানুষের স্বপ্ন এবং আশা-আকাঙ্ক্ষার বাস্তবায়নে সফল হবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, শ্রী ওম বিড়লার উপর যে গুরুদায়িত্ব অর্পণ করা হয়েছে, তা তিনি পালনের মাধ্যমে দেশকে সাফল্যের এক নয়া উচ্চতায় পৌঁছে দেবেন।

# সম্পাদকীয়

## তৃণমূল ও কংগ্রেসের সম্পর্কের অবনতি

আপ্তবাক্য মেনে নিতে হলে 'ইন্ডিয়া'র অন্দরে কংগ্রেস এবং তৃণমূলের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে এখন থেকেই উদ্বেগ তৈরি হয়েছে। অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হয়েছে সোমবার। সে দিন বিরোধী শিবিরে 'ঐক্য'ই দেখা গিয়েছিল। তবে মঙ্গল এবং বুধবার ধারাবাহিক ভাবে দেখা গেল, কংগ্রেস-তৃণমূলের মধ্যে কখনও সংঘাত, কখনও সমন্বয় হচ্ছে।প্রসঙ্গত, গত সপ্তাহে নবান্নে মমতার সঙ্গে দীর্ঘ বৈঠক করেছিলেন প্রবীণ কংগ্রেস নেতা পি চিদম্বরম। সেই বৈঠক নিয়ে মমতা বা চিদম্বরম প্রকাশ্যে কেউই কিছু বলেননি। তবে বিবিধ সূত্র জানিয়েছিল, কেরলের ওয়েনাড়ে প্রিয়ঙ্কা গান্ধীর সমর্থনে মমতাকে প্রচারে যাওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন চিদম্বরম। মমতা যাবেন কি না, সে ব্যাপারে তাঁর বা তৃণমূলের তরফে এখনও কিছু বলা হয়নি। তৃণমূলের অন্দরমহলের বক্তব্য, কংগ্রেস-তৃণমূল সম্পর্কের উপর নির্ভর করবে মমতার সিদ্ধান্ত। ঘটনাচক্রে, মমতাই বলেছিলেন, প্রিয়ঙ্কার বারাণসীতে নরেন্দ্র মোদীর বিরুদ্ধে প্রার্থী হওয়া উচিত। তখন তা শোনেনি কংগ্রেস। কিন্তু দেখা গিয়েছে, নিজের কেন্দ্রে মোদীর ব্যবধান কমেছে ৩ লক্ষ ২৬ হাজার। প্রিয়ঙ্কা লড়লে সেই ব্যবধান আরও কমার একটা সম্ভাবনা ছিল।

সকাল মেঘাচ্ছন্ন দেখাচ্ছে ঠিকই। কিন্তু রোদ্দুর উঠতে পারে মমতা ওয়েনাড়ে যেতে রাজি হয়ে গেলে। সেই 'সূচক'-এর দিকেই আপাতত তাকিয়ে দু'দলের রথী-মহারথীরা।লোকসভার শুরুতেই যে ঘাত-প্রতিঘাত তৈরি হয়েছে দু'পক্ষের মধ্যে, তাতে অভিজ্ঞেরা এখনই বলে দিচ্ছেন যে, এই সম্পর্ক ভাঙবে না। তবে হোঁচট খেতে খেতে চলবে।

কেন, তার কারণও খুব স্পষ্ট। পশ্চিমবঙ্গের প্রেক্ষাপটে কংগ্রেস-তৃণমূলের সম্পর্ক বরাবরই 'ব্যস্তানুপাতিক'। অর্থাৎ, তৃণমূলের বাড়বৃদ্ধি হবে কংগ্রেসের ক্ষতিবৃদ্ধি হলে। আবার একই রকম ভাবে কংগ্রেসের উন্নতি হবে তৃণমূলের অবনতিতে। একই সঙ্গে, সর্বভারতীয় স্তরেও তৃণমূল তাদের উপস্থিতি জানান দিতে চাইবে। সেই মর্মেই রাজনৈতিক কৌশলও সাজাবে তারা। ফলে আপাতদৃষ্টিতে কংগ্রেস এবং তৃণমূলকে 'স্বাভাবিক মিত্র' বলে মনে হলেও বাস্তব রাজনৈতিক পরিস্থিতি তা নয়। সে কারণেই পদে পদে দু'দলের সম্পর্কে 'হোঁচট' আসবে বলে মনে করেন উভয় শিবিরের নেতারা।ইন্ডিয়া'র অন্দরে কংগ্রেস-তৃণমূল সম্পর্কে প্রথম হোঁচট এসেছিল গত ডিসেম্বরে পাঁচ রাজ্যে ভোটের সময়। গত বছর পুজোর আগে থেকে 'ইন্ডিয়া'র বৈঠকে তৃণমূল লোকসভার জন্য রাজ্যওয়াড়ি আসন সমঝোতার কথা বলতে শুরু করেছিল। কংগ্রেসের অনেকে সেই 'অতি সক্রিয়তা' ভাল ভাবে নেননি। যদিও মুখে কেউই কিছু বলেননি। জয়রাম রমেশের মতো কংগ্রেস নেতারা ধারাবাহিক ভাবে বলে এসেছেন, "বিজেপি বিরোধী জোট 'ইন্ডিয়া'র অন্যতম শরিক তৃণমূল। জোটের গুরুত্বপূর্ণ নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।" কিন্তু তৃণমূলের নেতারা একান্ত আলোচনায় বলতে শুরু করেছিলেন, কংগ্রেস আসন সমঝোতা নিয়ে অযথা বিলম্ব করছে। তৃণমূলের এক প্রথম সারির নেতা তখনই বলেছিলেন, কংগ্রেস পাঁচ রাজ্যে বিধানসভা ভোটের জন্য অপেক্ষা করছে। যাতে সেখানে ভাল ফল করলে ওরা বাংলায় আসন নিয়ে দর কষাকষি করতে পারে। বাস্তবে তা হয়নি। কংগ্রেস পাঁচ রাজ্যে ভাল ফল করেনি। ফলে 'অ্যাডভান্টেজ' পেয়ে যান মমতা। তিনি ঘোষণা করে দেন, বাংলায় কোনও জোট নেই। বাংলায় তৃণমূল একাই লড়বে। তবে জাতীয় স্তরে তাঁরা 'ইন্ডিয়া'র শরিক।পশ্চিমবঙ্গে তৃণমূল বিরোধিতাকে 'পুঁজি' করেই বামেদের সঙ্গে জোট করে ভোটে লড়েছিল কংগ্রেস। যার পুরোধা ছিলেন অধীর চৌধুরী। পক্ষান্তরে, তৃণমূল মরিয়া ছিল অধীরকে হারাতে। তাদের সেই পরিকল্পনা সফল হয়েছে। কারণ, অধীর বরাবর বলে এসেছেন, "মমতা কংগ্রেস ভাঙছেন। এ ভাবে বাংলায় আর কংগ্রেস থাকবে না।"অধীরের পরাজয়ের পরে অনেকে মনে করেছিলেন, সংসদে কংগ্রেস-তৃণমূলের কক্ষ সমন্বয়ের ক্ষেত্রে 'কাঁটা' সরে গিয়েছে। এ বার সব ঠিকঠাক চলবে। অধিবেশনের শুরুর দিনে সেই প্রত্যাশিত 'ঐক্য' দেখাও গিয়েছিল। কিন্তু তাল কাটে মঙ্গলবার। যখন তৃণমূলের সেনাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রকাশ্যেই মন্তব্য করেন, 'ইন্ডিয়া'র মধ্যে কোনও আলোচনা ছাড়াই স্পিকার নির্বাচনে 'একতরফা' ভাবে প্রার্থী দিয়ে দিয়েছে কংগ্রেস। দ্রুত আসরে নামতে হয় রাহুল গান্ধীকে। প্রথমে অভিষেক এবং পরে মমতার সঙ্গে কথা বলেন তিনি। তখনকার মতো বিষয়টি মেটে। রাতে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খড়্গের বাসভবনে 'ইন্ডিয়া'র বৈঠকে যোগ দেন তৃণমূলের ডেরেক ও'ব্রায়েন এবং কল্যাণ বন্দ্যোপাধ্যায়।রাত পোহাতেই আবার হোঁচট! স্পিকার নির্বাচনে ভোটাভুটি নিয়ে অভিষেকের মন্তব্যের উল্টো কথা বলেন কংগ্রেসের প্রবীণ নেতা জয়রাম। ধ্বনিভোটের মাধ্যমে ওম বিড়লার নাম নির্বাচন নিয়ে অভিষেক বলেন, "যা হয়েছে, তা নিয়মবিরুদ্ধ। বিরোধী শিবিরের বহু সাংসদ চেয়েছিলেন ভোটাভুটির মাধ্যমে স্পিকার নির্বাচন হোক। কিন্তু প্রোটেম স্পিকার সেই আবেদন গ্রাহ্য করেননি।" কিন্তু জয়রাম বলেন, "বিরোধী জোট 'ইন্ডিয়া'র শরিকেরা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে লোকসভা স্পিকার হিসাব কেরলের সাংসদ সুরেশকে সমর্থনের প্রস্তাব এনেছিল। 'ইন্ডিয়া' ভোটাভুটির প্রস্তাব দিতে পারত। কিন্তু তারা তা করেনি। কারণ, 'ইন্ডিয়া' চেয়েছিল লোকসভায় ঐকমত্য এবং সহযোগিতার পরিবেশ বজায় থাক।"তৃণমূল সূত্রের খবর, জোটের মধ্যে কংগ্রেস তাদের 'অভ্যাসবশত' লাগাতার 'দাদাগিরি' করে চলেছে। কিন্তু লোকসভা ভোটে তৃণমূল যে ভাবে বাংলায় বিজেপিকে রুখে দিয়েছে, তাতে তারা কারও 'বশ্যতা' স্বীকার করে চলবে না। ফলে পদে পদে কংগ্রেসকে সেই 'বার্তা' দেওয়া উচিত। যদিও দলের একাংশ মনে করছে, কারণ থাকলে 'বিরোধিতা' করা উচিত। কিন্তু কখনও যেন মনে না হয়, তৃণমূল পায়ে পা দিয়ে ঝগড়া করার মনোভাব নিয়ে চলছে। তা হলে সামগ্রিক ভাবে বিজেপি-বিরোধী পরিসরে 'ভুল বার্তা' যাবে। বিজেপিও সেই মতানৈক্যের 'সুযোগ' নেবে। পক্ষান্তরে, কংগ্রেসের অনেকের বক্তব্য, সর্বভারতীয় প্রেক্ষাপট থেকে তাদের দল কোনও বিষয়কে যে ভাবে দেখবে, তৃণমূলের ক্ষেত্রে তার 'সীমাবদ্ধতা' রয়েছে। তবে কংগ্রেসের নেতারা ঘরোয়া আলোচনায় স্বীকার করে নিচ্ছেন, বাংলায় যা-ই সম্পর্ক থাক, এখন সংসদে বিরোধী শিবিরে সংখ্যার যে সমীকরণ, তাতে ২৯ আসন জয়ী তৃণমূলকে সঙ্গে নিয়ে চলা ছাড়া উপায় নেই। এক প্রবীণ কংগ্রেস নেতার কথায়, "এটাকে শুধু কংগ্রেস-তৃণমূলের সম্পর্কের সমীকরণে দেখলে হবে না। মমতার সঙ্গে শরদ পওয়ার, উদ্ধব ঠাকরে,অখিলেশ যাদব, এমকে স্ট্যালিনের মতো নেতাদের পারস্পরিক সম্পর্কের কথাও কংগ্রেসকে মাথায় রাখতে হবে।"

# আজকের সাংবাদিকতার ভবিষ্যৎ কী



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)

দুর্ভাগ্যজনক, এমনই পরিস্থিতিতে অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কেন্দ্র ও রাজ্য সরকারের কাছে সরকারি বিজ্ঞাপন দিয়ে আর্থিক সহযোগিতার জন্য অনুরোধ জানিয়েছেন অ্যাসোসিয়েশনের তরফ থেকেই।বাংলা তথা ভারতবর্ষের সাংবাদিকদের পাশে সর্বদা সজাগ অ্যাসোসিয়েশনের কর্মকর্তা এবং মৃদুল ব্যানার্জি ও ভগবতী সর্দার, স্বপন দত্ত বাউল এবং বাশিরুল হক সহ অন্যান্যরা সাংবাদিকতা বিধ্বস্ত জাতিকে পুনর্গঠনে অবদান রাখতে পারে, ঠিক তেমনি সাংবাদিকতার নামে মিথ্যাচারিতা, পক্ষপাতিত্ব, স্বার্থপরতা এক সুসংহত জাতিকে হিংসাত্মক যুদ্ধের দাবানলে অগ্রসর ভূমিকা রাখতে পারে।তবে এই ঘটে সত্য পথের পথিক সাংবাদিকদের উপরে!কিন্তু এক শ্রেণীর সাংবাদিক আছে টাকার লোভে হয়কে নয় করে। আর অসাধু কিছু নেতাদের কথা মতো চলে, সদ সাংবাদিকদের বিপদে ফেলেছে এই সব সাংবাদিকরা।দেশ ও দশের ভালোচায় না এই সব সাংবাদিকরা, এদের গাড়ি বাড়ি সবি হয়। আর সৎ সাংবাদিকরা খাওয়ার পয়সা পায় না। এই সব সদ সাংবাদিকদের নিরাপত্তা নেই,এদেরকে সমাজের বুকে খারাফ প্রমাণ করাতে ব্যাস্ত সবাই। তাই আজকের লেখার বিষয় বস্তু সাংবাদিকদের ভূত ভবিষ্যৎ।তবে সব সাংবাদিকদের পাশে আছেন ইন্ডিয়ান জার্নালিস্ট এন্ড অল এডিটর অ্যাসোসিয়েশন।দীর্ঘ ১৭ বছর সাংবাদিকতার জীবনে আমার পরিবারের বহু খারাপ পরিস্থিতির মধ্যে পড়তে হয়েছে,কারন সত্য অনুসন্ধানী মহান সাংবাদিক হয়ে কাজ করি।সাংবাদিকতা করার জন্য আমার পরিণাম ভয়াবহ হয়ে উঠেছিল জীবনে জেল-জরিমানা সবই কেটেছে তবেই সাংবাদিকতা একটি মহান পেশা জানেন। প্রকৃত অর্থে সাংবাদিকতা আর দশটি পেশার মতো নয়। আন্তর্জাতিক শ্রম সংস্থা আইএলওর মতে, সাংবাদিকতা একটি ঝুঁকিপূর্ণ পেশাও। প্রকৃত সাংবাদিকের দায়িত্ব বস্তুনিষ্ঠ ও সততাপূর্ণ সংবাদ পরিবেশন করা। টুকটাক সাংবাদিকতা করার সুবাদে মাঝে মাঝেই অনেকে আমার থেকে জানতে চায় সাংবাদিকতা বিষয়ক নানা তথ্য। অনেকেই বলেন, “আমরা আপনার মতো পেপারে লিখতে চাই। অথবা কিভাবে শুরু করবো?” আজকের এই লেখাটি সেসব ক্ষুদে ক্রিয়েটিভ মানুষগুলার জন্য যারা বড় হয়ে সাংবাদিক হওয়ার স্বপ্ন দেখে অথবা পেপারে লেখার ইচ্ছা রাখে। আজ আমরা ফিচার রাইটিং অথবা দৈনিক পত্রিকার সাংবাদিকতা সম্পর্কে জানবো: সাংবাদিকতার প্রাথমিক স্তরেই সবার জানা হয়ে যায় যে, সংবাদে কোনো অবস্থাতেই ধর্ষিতা বা যৌন নিপীড়নের শিকারের নাম প্রকাশ করা যাবে না। এটা মোটামুটি সবাই জানেন বলে ধর্ষিতা বা যৌন নিপীড়নের শিকারের নাম প্রকাশিত হতে খুব একটা দেখা যায় না। কিন্তু অনেকক্ষেত্রে ধর্ষিতার এলাকার নাম বা তাঁর কোনো আত্মীয়ের নাম বা পরিচয় প্রকাশিত হতে দেখা যায়। যাঁরা প্রকাশ করেন, তাঁদের আসলে নাম, পরিচয় প্রকাশ না করার পেছনের কারণগুলো সম্পর্কেই হয়ত ধারণা নেই। নইলে তাঁরা নিশ্চয়ই বুঝতেন, এলাকা, এ বিষয়টি ‘কমন সেন্স’ থাকলেই বোঝা সম্ভব। কিন্তু দুর্ভাগ্যজনক হলো, অনেকেরই যেন সেই সেন্স বা সেন্স খাটানোর সময় নেই। এ যুগেও কোনো সাংবাদিকের এমন ভুল সত্যিই মর্মান্তিক। মাত্র কয়েক বছর আগের তুলনায় সাংবাদিকদের এখন অনেক বেশি স্টোরি তৈরি করতে হয়। বেশি কাজ উৎপাদনের চাপে আপনি ভাবতে পারেন আপনার আসল কাজ হচ্ছে সব কিছু প্রক্রিয়াজাত করা - নতুন কোন গল্পের কথা ভাবা বা অনুসন্ধান করা নয়। তাছাড়া, সাংবাদিকতার মানেই হচ্ছে মানুষকে নতুন কিছু বলা। মৌলিক সাংবাদিকতার জন্য যে নৈপুণ্য দরকার সে বিষয়ে বিভিন্ন লেকচার এবং কর্মশালায় বিবিসির সাংবাদিকদের উদ্দেশ্যে টুডে অনুষ্ঠানের প্রাক্তন সম্পাদক কেভিন মার্শ-এর দেয়া বক্তব্যের ভিত্তিতে তৈরি করা হয়েছে এই গাইড।পৃথিবী বদলে যাচ্ছে, বদলে যাচ্ছে তার রাজনীতি, অর্থনীতি আর মানুষের স্বাভাবিক জীবনযাপনের ধারা। বদলে যাচ্ছে মানুষের চিন্তা-চেতনা, রুচি, বিবেকবোধের দৃষ্টিকোণ আর দীর্ঘদিনের চলমান অভ্যাস। এই পরিবর্তনের সাথে বদলে যাচ্ছে সাংবাদিকতার সনাতনি ধারাও। বস্তুনিষ্ঠ সাংবাদিকতার স্থান এখন দখল করেছে করপোরেট

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**


# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ

**-: মৃত্যুঞ্জয় সরদার :-**



তিনি কাশীতে বাবা লোকনাথের নামে মন্দির প্রতিষ্ঠা করেন। সোনারগাঁর গোবিন্দপুর নিবাসী অখিলচন্দ্র সেন; উচ্ছৃংখল জীবনযাপনে অভ্যস্ত এক জমিদার পুত্র। দূর-দূরান্ত থেকে হাজার হাজার মানুষ কেন নিঃস্ব এক শ্মশানে থাকা মানুষের কাছে আসেন; তা জানার জন্য তিনি দেখতে আসেন। দূর থেকে দাঁড়িয়ে প্রায় মাঝে মাঝে এসে দেখে যান।একদিন বাবার কাছাকাছি এসে নিজের অশান্তির কথা জানান। **ক্রমশঃ**

# ভারতের সাবেক পররাষ্ট্রসচিব মুচকুন্দ দুবে আর নেই



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের সাবেক পররাষ্ট্রসচিব মুচকুন্দ দুবে (৯০) মারা গেছেন। তিনি কাউন্সিল ফর সোশ্যাল ডেভেলপমেন্টের সভাপতি এবং জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের (জেএনইউ) অধ্যাপক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন।

প্রবীণ কূটনীতিক মুচকুন্দ দুবে বার্ধক্যজনিত বিভিন্ন অসুস্থতার কারণে গত এক মাস ধরে অসুস্থ ছিলেন। বুধবার তিনি ফর্টিস এসকর্টস হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। দুবে তার স্ত্রী বাসন্তী দুবে এবং দুই মেয়ে মেধা দুবে এবং মধু দুবেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বৃহস্পতিবার বিকাল চারটায় লোধি রোড শ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হবে।

মুচকুন্দ দুবের জন্ম ভারতের ঝাড়খণ্ডে, ১৯৩৩ সালে। পাটনা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৫৬ সালে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি লাভের পর এক বছর সেখানে শিক্ষকতা করেন। ১৯৫৭ সালে যোগ দেন ভারতীয় পররাষ্ট্র বিভাগে এবং কূটনীতিক হিসেবে দায়িত্ব পালন করেন তেহরান, জেনেভা, বার্ন, নিউইয়র্ক ও ঢাকায়।

১৯৭৯ থেকে ১৯৮২ সাল পর্যন্ত তিনি ঢাকায় ভারতীয় হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮২ থেকে ১৯৮৫ পর্যন্ত জাতিসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি ছিলেন। ১৯৯১ সালে ভারতের পররাষ্ট্রসচিব হিসেবে অবসর গ্রহণের পর, ১৯৯২ থেকে ১৯৯৯ পর্যন্ত তিনি দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে অর্থনীতির অধ্যাপক হিসেবে কাজ করেন।

৩ পাতার পর

# কয়লা পাচার মামলায় আবার তিনজনকে গ্রেফতার করল সিবিআই

দেখার।কয়লা পাচার মামলার তদন্ত শুরু হয়েছে প্রায় ৪ বছর হতে চলল। তবে এখনও এই মামলার শেষ অবধি পৌঁছতে পারেনি সিবিআই। তদন্তকারী সংস্থার আধিকারিকরা কয়লা পাচারের শিকড়ে পৌঁছনোর মরিয়া চেষ্টা চালিয়ে যাচ্ছেন। মঙ্গলবার যেমন ইসিএল-র প্রাক্তন জিএম সহ অমিত কুমার ধর সহ দু'জন কয়লা কারবারিকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়।

কয়লা পাচার মামলার সূত্রে এই তিনজনকে নিজাম প্যালেসে ডেকে পাঠানো হয়েছিল। এরপর তাঁদের টানা জিজ্ঞাসাবাদ করা হয়। শেষে গতকাল রাতেই তিনজনকে গ্রেফতার করে সিবিআই। বুধবার ধৃতদের নিয়ে নিজাম প্যালেস থেকে আসানসোলের বিশেষ সিবিআই আদালতের উদ্দেশে রওনা দিয়েছেন তদন্তকারী আধিকারিকরা।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মেট্রোতে হেনস্তার শিকার বলিউড অভিনেত্রী



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : দিল্লিতে মেট্রো সফরকালে শারীরিক হেনস্তার শিকার হয়েছিলেন বলিউড অভিনেত্রী জোয়া হুসেন। সম্প্রতি এক সাক্ষাৎকারে বিষয়টি নিয়ে মুখ খোলেন তিনি। জানান তিক্ত অভিজ্ঞতার কথা।

সাক্ষাৎকারে অভিনেত্রী বলেন, দিল্লিতে অনেকবার অপ্রীতিকর পরিস্থিতির সম্মুখীন হয়েছি। এমনকি মেট্রোতেও আমাকে ইভটিজিং করা হয়েছে। যখনই বাড়ির বাইরে পা রাখি, বিশেষ করে সন্ধ্যার সময়, তখন ভয়-অস্থিরতা তাড়া করে বেড়ায়। এরকম পরিস্থিতি মুম্বাইতে হলে লোকজন সাহায্য করতে এগিয়ে আসত। কিন্তু দুর্ভাগ্যবশত দিল্লিতে মেয়েদের হেনস্তা এখন স্বাভাবিক ঘটনার মতো।

জোয়া আরো বলেন, সিনেমা দেখে বাড়ি ফিরছিলাম। হঠাৎ খেয়াল করলাম দুই-তিনজন আমার পিছু নিয়েছে। প্রচণ্ড ভয় পেয়ে যাই, দৌড়াতে শুরু করি। কোনোরকমে বাড়ি এসে পৌঁছাই। আসলে দিল্লিতে সন্ধ্যা হয়ে যাওয়ার পর মেয়েদের বাড়ির বাইরে যাওয়ার অনুমতি দেয়া হয় না। আমি সত্যিই বিশ্বাস করি, মুম্বাই ভারতের সবচেয়ে নিরাপদ শহর। এখন বোনের সঙ্গে সেখানেই থাকি এবং মা-বাবাও চিন্তা করেন না, কারণ তারা জানেন আমি নিরাপদেই আছি।

উল্লেখ্য, ২০১৭ সালে অনুরাগ কাশ্যপ পরিচালিত 'মুক্কাবাজ' সিনেমায় অভিনয় করে বলিউডে পা রাখেন জোয়া। সিনেমাটিতে জিমি শেরগিল, রবি কিষাণের মতো অভিনেতাদের সঙ্গে কাজ করেছেন তিনি।

২০২০ সালে প্রতীক কুহাদের একটি মিউজিক ভিডিওতে একসঙ্গে কাজ করেছিলেন জোয়া হুসেন ও অভিনেতা জিম সার্ভ। তারপর থেকেই তাদের প্রেমের সম্পর্ক নিয়ে আলোচনা শুরু হয়। যদিও একাধিক সাক্ষাৎকারে জোয়া স্পষ্ট জানিয়ে দিয়েছেন এটা তাদের ব্যক্তিগত।

তিনি জানান, জিম সার্ভ তার খুব ভালো ও ঘনিষ্ঠ বন্ধু। চলতি বছর অ্যামাজন প্রাইমের সিরিজ 'বিগ গার্লস ডোন্ট ক্রাই'তে আলিয়া লাম্বার চরিত্রে অভিনয় করেছেন তিনি। অভিনেত্রীর সর্বশেষ মুক্তি প্রাপ্ত সিনেমা 'ভাইয়া জি'।

## জাতীয় পুরস্কার নিতে যাওয়ার টাকা ছিল না মিঠুনের কাছে?



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :জাতীয় পুরস্কার নিতে যাওয়ার টাকা ছিল না মিঠুনের কাছে? অভিনেতা মিঠুন চক্রবর্তী জীবন সংগ্রাম নিয়ে নানা কথা শোনা যায়। তার মধ্যে একটি- তার কাছে জাতীয় পুরস্কার নিতে যাওয়ার পর্যন্ত টাকা ছিল না। এই গল্প 'মৃগয়া' পর্বের। ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট অফ ইন্ডিয়াতে থাকাকালীনই পরিচালক মৃণাল সেনের নজরে পড়েন মিঠুন। কলেজে দাঁড়িয়ে নাকি কয়েকজন সুন্দরী মহিলার সঙ্গে ফ্লার্ট করছিলেন তিনি। তখনই মৃণাল সেনের নজর কাড়েন। তার বছর দুয়েক পর 'মৃগয়া'য় অভিনয়ের সুযোগ পান। প্রথম সিনেমাতেই সেরা অভিনেতার জাতীয় পুরস্কার। জাতীয় পুরস্কার নিতে দিল্লি যেতে হতো। কিন্তু মিঠুনের কাছে সেই টাকা ছিল না। সেই সময় নাকি মিঠুনের পাশে দাঁড়িয়েছিলেন রেখা। শোনা যায়, রেখার এক সিনেমার শুটিং দিল্লিতে হচ্ছিল। নিজের স্পটবয় সাজিয়ে তিনি মিঠুনকে দিল্লি নিয়ে যান। জাতীয় পুরস্কার পাওয়ার পরও খালি পেটে দিন কাটাতে হয়েছে মিঠুনকে। মুম্বাইয়ে বর্ণবৈষম্যের শিকার হতে হয়েছে তাকে।

এক সময় নাকি কোনও অভিনেত্রী মিঠুনের বিপরীতে কাজ করতে রাজি ছিলেন না। এই প্রথা ভাঙেন জিনাত আমান। তিনি প্রথমবার মেইনস্ট্রিম সিনেমাতে মিঠুনের নায়িকা হতে একবাক্যে রাজি হয়ে যান। সেই দিন আর এই দিন, মিঠুন এখন 'মহাগুরু'। আজ (১৬ জুন) তার জন্মদিন। তবে জন্মদিনে কোনও আড়ম্বর পছন্দ করেন না ৭৪ বছরে পা দেওয়া সুপারস্টার। এদিন কোনও সেলিব্রেশনই নাকি পছন্দ নয় তার। কেকও কাটতে চান না। খুব ভালো রান্না করেন অভিনেতা।

এদিনটা সাধারণত পরিবারের সদস্যদের রান্না করে খাওয়ান। তবে এ বছর মিমো শুটিংয়ের জন্য রয়েছেন কলকাতায়। নমাশি ব্যস্ত শর্টফিল্মের শুটিংয়ে। বাকি দুই সন্তানও নাকি দেশের বাইরে।

## অভিনেতা অনুপম খেরের অফিসে চুরি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বলিউড অভিনেতা অনুপম খেরের অফিসে চুরির ঘটনা ঘটেছে। দরজা ভেঙে অফিসের গোটা সিন্দুক তুলে নিয়ে গেছে চোর। চুরি হয়েছে সিনেমার রিল। একটি ভিডিও পোস্টের মাধ্যমে অভিনেতা নিজেই বিষয়টি নিশ্চিত করেছেন। অভিনেতা নিজের এক্স হ্যান্ডেলে লেখেন, আমার বীর দেশাই রোডের অফিসে দু'জন চোর অফিসের দু'টি দরজা ভেঙে অ্যাকাউন্টস বিভাগের সিন্দুকটি তুলে নিয়ে গেছে এবং আমাদের প্রযোজনা সংস্থা দ্বারা নির্মিত একটি ছবির নেগেটিভও নিয়ে গেছে, যেগুলো একটি বাক্সে রাখা ছিল। তবে পুলিশ আশ্বস্ত করেছে যে, সিসিটিভি ক্যামেরায় দু'জন চোরকেই দেখা গেছে। সিন্দুকের টাকা, নেগেটিভ ছাড়াও অফিস থেকে প্রায় চার লাখ টাকার জিনিস খোয়া গেছে বলে জানান তিনি। পোস্ট করা ভিডিওর ক্যাপশনে অনুপম খের লেখেন, 'পুলিশ আসার আগে এই ভিডিও আমার অফিসের লোকজন তুলেছে।' সব শেষে অনুপম লিখেছেন, 'যারা চুরি করছে, তাদের ঈশ্বর শুভ বুদ্ধি দিন'। পোস্ট করা এই ভিডিওতে দেখা যাচ্ছে, তার অফিসের দরজার তালা দুটিই ভাঙা। এ ঘটনায় আম্বোলি থানায় তিনটি ধারায় মামলা দায়ের করেন অভিনেতা।

## কেন প্রভাসে মুগ্ধ দীপিকা?



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : দীপিকা পাড়ুকোন নাগ অশ্বিন পরিচালিত 'কল্কি ২৮৯৮ এডি' ছবিতে জুটি বেঁধেছেন প্রভাসের সাথে।

আর সেখানে অভিনয় করতে গিয়েই এই দক্ষিণি তারকার আতিথেয়তায় মুগ্ধ হয়েছে দীপিকা।

গত বুধবার মুম্বাইয়ের পাঁচতারকা হোটেলে ছবি মুক্তি পূর্ব এক অনুষ্ঠানে প্রভাস আর দীপিকা হাজির হন। ছিলেন অমিতাভ বচ্চন, কমল হাসানের মতো তারকারাও।

দক্ষিণি তারকা রানা দাগগুবতীর সঞ্চালনায় খোলামেলা আড্ডায় অমিতাভ বচ্চন, কমল হাসান, প্রভাস, দীপিকারা এই সিনেমা ঘিরে তাদের অভিজ্ঞতার ডালি মেলে ধরেছিলেন।

আলাপচারিতার এক পর্যায়ে দীপিকাকে ধন্যবাদ জানান প্রভাস। বলেন, 'দীপিকা সুন্দরী, অভিনেত্রী হিসেবেও দুর্দান্ত; সবচেয়ে বড় কথা তিনি মহাতারকা। তার সাথে কাজ করার অভিজ্ঞতা দারুণ।'

দীপিকাও হেসে প্রভাসের আতিথেয়তায় মুগ্ধ হওয়ার কথা জানান। তিনি বলেন, প্রভাস রোজ সেটে বাড়ি থেকে খাবার নিয়ে আসতেন। সে এক এলাহি আয়োজন। মনে হতো যেন ক্যাটারিং সার্ভিস। প্রভাসের কাছের মানুষেরা জানেন যে উনি মন থেকেই সবাইকে খাওয়ান।'

'কল্কি ২৮৯৮ এডি' ২৭ জুন প্রেক্ষাগৃহে মুক্তি পাবে।

## বিদেশে গিয়ে মহাবিপদে মিমি, সাহায্যে এগিয়ে এলেন বাংলাদেশি



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : সম্প্রতি দুবাইতে বেড়াতে গিয়ে চরম বিপদে পড়েন কোলকাতার জনপ্রিয় অভিনেত্রী মিমি চক্রবর্তী। ঠিক সেই সময় পরিত্রাতা হিসেবে হাত বাড়িয়ে দিয়েছিলেন এক বাংলাদেশি। মিমি সম্প্রতি দুবাইয়ে বেড়াতে গিয়েছিলেন। সেখানে তিনি স্কাই ডাইভিং করতে গিয়ে সমস্যার মুখোমুখি হয়েছিলেন। সেই সময় তাকে সাহায্য করেন এক বাংলাদেশি ডাক্তার। সদ্যই মুক্তি পাওয়া 'তুফান' সিনেমা নিয়ে একটি সাক্ষাৎকারে বিষয়টি নিজেই জানান মিমি। সদ্যই মুক্তি পেয়েছে রায়হান রাফী পরিচালিত 'তুফান'। এই সিনেমায় বাংলাদেশের সুপারস্টার শাকিব খানের সঙ্গে অভিনয় করেছেন মিমি। ঈদুল আজহায় মুক্তি পাওয়া 'তুফান' সিনেমা নিয়ে বাংলাদেশের একটি সংবাদমাধ্যম সংগে দেয়া এক সাক্ষাৎকারে তিনি জানান, তাকে একজন বাংলাদেশি যেভাবে সাহায্য করলেন সেই কথা। ওই ওই সংবাদমাধ্যমে মিমি জানান, দুবাই গিয়ে অস্বস্তিকর এবং অন্য রকমের বিপদের মুখে পড়েছিলেন তিনি।

মিমি জানান, তিনি দুবাইয়ে স্কাই ডাইভিং করতে গেছিলেন। কিন্তু তার পরনে যে জামা ছিল সেটা পরে ডাইভিং করতে পারবেন না বলে জানানো হয়। তখন ডাইভিং করতে গেলে তাকে নতুন এবং বিশেষ রঙের টিশার্ট কেনার জন্য বলা হয়।

মিমি বলেন, 'তখন আমার কাছে ক্রেডিট কার্ড বা নগদ টাকা ছিল না। এদিকে আমার ডাইভিংয়ের সময় পার হয়ে যাচ্ছে। সেখানে আমার গাড়ির চালক ছিলেন একজন বাংলাদেশি। তখন তিনিই আমাকে সেখানে সাহায্য করেন। তিনি আমাকে টাকা দিয়েছিলেন।' পরে সেই টাকা তিনি তাকে ফেরত দেন।

বাংলাদেশিদের উষ্ণ আতিথেয়তার প্রশংসা করে মিমি বলেন, 'বাংলাদেশের কিছু বিখ্যাত জিনিস আছে। সেখানকার খাবারের কথা তো আমরা সবাই জানি। কিন্তু বাংলাদেশের মানুষের ভালোবাসা এবং আতিথেয়তার কোনো তুলনা নেই।'

# অস্ট্রিয়ার কাছে হেরে বিদায়ের পথে পোল্যান্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আক্রমণ-পাল্টা আক্রমণে জমে উঠল ম্যাচ। শুরুতে এগিয়ে গেল অস্ট্রিয়া। পোল্যান্ডও দিল পাল্টা জবাব। দ্বিতীয়ার্ধে তাদের আক্রমণভাগের সেরা তারকা রবের্ত লেভানদোভস্কি আসরে প্রথম খেলতে নামলেন, কিন্তু পারলেন না দলকে পথ দেখাতে। পোলিশদের হারিয়ে শেষ ষোলোয় খেলার আশা ভালোভাবে বাঁচিয়ে রাখল অস্ট্রিয়া।

বার্লিনের অলিম্পিক স্টেডিয়ামে শুক্রবার (২১ জুন) ৩-১ গোলে জিতেছে অস্ট্রিয়া। ফ্রান্সের বিপক্ষে ১-০ ব্যবধানে হেরে এবারের ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ শুরু করা দলটি দুই ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে 'ডি' গ্রুপে আছে দ্বিতীয় স্থানে। টানা দুই হারে পোল্যান্ড আছে তলানিতে। নেদারল্যান্ডসের বিপক্ষে ২-১ গোলে হেরে আসর শুরু করেছিল তারা।

চোটে আগের ম্যাচে খেলতে পারেননি স্ট্রাইকার লেভানদোভস্কি। এদিন তাকে বেঞ্চে রেখে একাদশ সাজান পোল্যান্ড কোচ মিখাল প্রবিয়েশ। কিসিসতফ পিয়ানতেকের কাঁধে তুলে দেন আক্রমণভাগের মূল দায়িত্ব।

শুরু থেকে পোল্যান্ডের রক্ষণে চাপ দিতে থেকে অস্ট্রিয়া। একের পর এক বক্সে ক্রস ফেলে ভীতি ছড়াতে থাকে দলটি। নবম মিনিটে কাঙ্ক্ষিত গোলও পেয়ে যায় তারা। বাম দিকের বাইলাইনের একটু ওপর থেকে ফিলিপ মোয়েনের বক্সে বাড়ানো ক্রসে লাফিয়ে হেডে কাছের পোস্ট দিয়ে লক্ষ্যভেদ করেন গিয়ানট। গোলটির পেছনে কিছুটা দায় আছে পোলিশ গোলরক্ষক ভয়চেখ স্ট্যাসনির। বলের লাইনে থাকলেও দেরি করে হাত বাড়ানোয় তিনি পাননি নাগাল।

১৯তম মিনিটে সতীর্থের আড়াআড়ি পাস থেকে বক্সে ভালো জায়গায় বল পেয়েছিলেন নিকোলা জেলেভস্কি। কিন্তু তাড়াহুড়ো করে উড়িয়ে মারেন তিনি, নিজের ভুল বুঝতে পেরে মাথায় হাত দিয়ে বসে পড়েন এই পোলিশ মিডফিল্ডার। পাল্টা জবাব দিতে মরিয়া হয়ে ওঠা পোল্যান্ডের তাঁবুতে সমতার স্বস্তি ফেরে ৩০তম মিনিটে। ডিফেন্ডাররা কর্নার ক্লিয়ার করতে ব্যর্থ হলে ছয় গজ বক্সে বল পেয়ে যান পিয়ানতেক। ডান পায়ের শটে ঝাঁপিয়ে পড়া গোলরক্ষককে পরাস্ত করেন এই ফরোয়ার্ড। প্রথমার্ধের যোগ করা সময়ে বক্সের ঠিক ওপর থেকে পিওতর জেলেনেস্কির ফ্রি কিক এক হাতে আটকে অস্ট্রিয়াকে সমতায় রাখেন গোলরক্ষক পাত্রিক পেন্স।

৬০তম মিনিটে পিয়ানতেককে তুলে লেভানদোভস্কিকে নামান পোল্যান্ড কোচ। কিন্তু ছয় মিনিট পর ফের গোল হজম করে বসে তারা। সতীর্থের ছোট পাস ধরে চার পাশে থাকা ডিফেন্ডারের ফাঁক দিয়েই শট নেন ক্রিস্তোফ; স্ট্যাসনি দেন বিপরীতে দিকে লাফ, বল জড়ায় জালে। ৭৬তম মিনিটে পাত্রিক ভিমারের শট আটকানোর দুই মিনিট পর নিরুপায় হয়ে ফাউল করে হলুদ কার্ড দেখেন স্ট্যাসনি। পোল্যান্ডের রক্ষণ ভেদ করে বক্সে ঢুকে পড়েন মার্সেল সাবিৎজার। ওয়ান-অন-ওয়ান পজিশনে তাকে ফাউল করে কার্ডটি দেখেন স্ট্যাসনি। পেনাল্টির বাঁশি বাজান রেফারি।

মার্কো আরনাওতোভিচের সফল স্পট কিকে অস্ট্রিয়ার জয় অনেকটাই নিশ্চিত হয়ে যায়। গ্রুপ পর্বের শেষ রাউন্ডে অস্ট্রিয়া খেলবে নেদারল্যান্ডসের বিপক্ষে, আর পোল্যান্ড লাগবে ফরাসিদের সঙ্গে।

# নকআউট পর্বের আশা বাঁচিয়ে রাখল ইউক্রেন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুরুতে গোল হজমের ধাক্কা সামলে দারুণভাবে ঘুরে দাঁড়াল ইউক্রেন। দ্বিতীয়ার্ধে পেল দুইটি গোল। স্লোভাকিয়াকে হারিয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের নকআউট পর্বে যাওয়ার আশা বাঁচিয়ে রাখল তারা। ডুসেলডর্ফে শুক্রবার (২১ জুন) 'ই' গ্রুপের ম্যাচটি ২-১ গোলে জিতেছে ইউক্রেন।

প্রথম ম্যাচে র‌্যাঙ্কিংয়ে ৪৫ ধাপ এগিয়ে থাকা বেলজিয়ামকে ১-০ গোলে হারিয়ে চমক দেখায় স্লোভাকিয়া। ইউক্রেনের বিপক্ষে জিতলে শেষ ষোলোর টিকেট নিশ্চিত হয়ে যেত তাদের। সেই লক্ষ্যে র‌্যাঙ্কিংয়ে ২১ ধাপ এগিয়ে থাকা দলের বিপক্ষে শুরুতে তারা এগিয়ে যায় ইভান শারাঞ্জের গোলে, যিনি একমাত্র গোলটি করেছিলেন বেলজিয়ামের বিপক্ষে।

প্রথম ম্যাচে রোমানিয়ার বিপক্ষে ৩-০ গোলে হারা ইউক্রেন ঘুরে দাঁড়ানোর উপলক্ষ পায় মাইকোলা শাপারেঙ্কোর গোলে। পরে তার অ্যাসিস্ট থেকেই ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন রোমান ইয়ারেমচুক।

ইউক্রেনের জয়ে গ্রুপের লড়াইটা দারুণ জমে উঠল। এক ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে রোমানিয়া। তাদের সমান পয়েন্ট নিয়ে পরের দুইটি স্থানে ইউক্রেইন ও স্লোভাকিয়া, এই দুই দল খেলেছে দুইটি করে ম্যাচ। প্রথম ম্যাচে হারা বেলজিয়াম আছে তলানিতে।

## মাঠে নেমেই ব্রাভোর ইতিহাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রায় ৮ মাস পর জাতীয় দলের হয়ে মাঠে নেমেই ইতিহাস গড়লেন চিলি গোলরক্ষক ক্লদিও ব্রাভো। এবারের কোপা আমেরিকায় চিলির হয়ে প্রথম ম্যাচে খেলতে নেমে গড়েছেন নতুন রেকর্ড। কোপার ইতিহাসের সবচেয়ে বয়স্ক খেলোয়াড় হিসেবে মাঠে নামার রেকর্ড গড়লেন ব্রাভো।

'এ' গ্রুপে বাংলাদেশ সময় শনিবার পেরুর বিপক্ষে মাঠে নামার সময় ব্রাভোর বয়স ছিল ৪১ বছর ২ মাস ১৬ দিন। কোপার ১০৮ বছরের ইতিহাসে তিনিই এখন সবচেয়ে বয়স্ক ফুটবলার।

ব্রাভো ছাড়িয়ে গেছেন বলিভিয়ার গোলকিপার কার্লোস ট্রুসোকে। ১৯৯৭ সালের কোপায় ব্রাজিলের বিপক্ষে মাঠে নেমেছিলে ৩৯ বছর ১০ মাস ১৮ দিন বয়সী এই বলিভিয়ান কিপার। ২৭ বছর পর ব্রাভো ভাঙলেন তার রেকর্ড।

ব্রাভোর ইতিহাস গড়ার ম্যাচে ইতিহাস গড়েছেন পেরুর পাওলো গুরেরোও। বদলি হিসেবে মাঠে নেমেছিলেন ৪০ বছর বয়সী এই পেরু ফরোয়ার্ড। ব্রাভোর পর কোপার ইতিহাসের দ্বিতীয় বয়স্ক ফুটবলার হয়েছেন তিনি।

ইতিহাস গড়ার ম্যাচে দারুণ কিছু সেভ করে দলকে হারের মুখ থেকে বাঁচিয়েছেন ব্রাভো। গোলশূন্যভাবেই শেষ হয়েছে চিলি-পেরু ম্যাচ।

## রোহিতকেই বিশ্বকাপের 'যোগ্য' দাবিদার মনে করেন হাফিজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটে নিজেদের শেষ ম্যাচে অস্ট্রেলিয়ার বিপক্ষে আগে ব্যাট করতে নেমে স্রেফ ১৯ বলে হাফ সেঞ্চুরি করেন রোহিত শর্মা। ইনিংসটি তিনি নিয়ে যান ৯২ রান পর্যন্ত। এরপর মিচেল স্টার্কের বলে উইকেট হারান। ম্যাচটিতে তার দল জেতে ২৪ রানে। আর গ্রুপের শীর্ষদল হিসেবে নিশ্চিত করে সেমিফাইনাল।

রোহিতের এই ইনিংসের ভূয়সী প্রশংসা করেন পাকিস্তানের সাবেক ওপেনার মোহাম্মদ হাফিজ। পাকিস্তানের এক শ্বেতে তিনি বলেন, 'এটা শুধু একটি ইনিংস ছিল না। ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে অস্ট্রেলিয়ার কাছে হারের সেই প্রতিশোধ ছিল। সেই ক্ষুধা, সেই মুহূর্ত; রোহিত প্রমাণ করে দিলেন সেটি। যখন সে খেলে তখন কেউই তার সামনে দাঁড়াতে পারেন না।'

সাবেক এই পাকিস্তানি ক্রিকেটার এই ইনিংসকে 'স্পেশাল' হিসেবে আখ্যায়িত করেছেন। পাশাপাশি রোহিত এই টি-টোয়েন্টি বিশ্বকাপ 'ডিজার্ভ' করে বলেও জানান তিনি, 'এটা ছিল রোহিতের দারুণ এক ইনিংস। আপনি যদি অন্য ক্রিকেটারের প্রশংসা করতে বলেন, সেখানে সবার ওপরেই থাকবে রোহিত। এই মুহূর্তে রোহিতই একমাত্র ব্যক্তি, যে বিশ্বকাপ জেতার যোগ্য।'

আগামীকাল বাংলাদেশ সময় রাতে সাড়ে ৮টায় প্রথম সেমিফাইনালে ইংল্যান্ডের মুখোমুখি হবে রোহিম শর্মার দল।

# ২০২৬ ফুটবল বিশ্বকাপ হবে ১০৪ ম্যাচের!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথমবারের মতো তিনটি ভিন্ন দেশে আয়োজিত হতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপ। ২০২৬ সালে ফুটবল শ্রেষ্ঠত্বের এই প্রতিযোগিতা যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকোতে।শুধু ভেন্যু নয়,দল ও ম্যাচ সংখ্যার হিসেবেও আগামী বিশ্বকাপ হতে যাচ্ছে ইতিহাসের সবচেয়ে বৃহত্তর।

৪৮ দলের এই আসরে ১০৪টি ম্যাচ হবে। যেখানে গত কাতার বিশ্বকাপে ৩২ দলের অংশগ্রহণে ম্যাচ সংখ্যা ছিল ৬৪টি। বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনালসহ পুরো টুর্নামেন্টের ভেন্যু ও সূচি এরই মধ্যে প্রকাশ করেছে ফিফা।

মেক্সিকোর আজতেকা স্টেডিয়ামে ১১ জুন ২০২৬ বিশ্বকাপের পর্দা উঠবে। ৩৮ দিনের জমজমাট লড়াই শেষে নিউজার্সির মেটলাইফ স্টেডিয়ামে ১৯ জুলাই ফাইনাল অনুষ্ঠিত হবে।

আসন্ন টুর্নামেন্টে দল ও ম্যাচ সংখ্যা বাড়লেও আসরের সময় বাড়ছে না সেভাবে। যে কারণে একদিনে মাঠে গড়াতে পারে ৬টি ম্যাচও। এক প্রতিবেদনে এমনটাই জানিয়েছে আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস। প্রতিযোগিতায় অংশ নেওয়া দলগুলো ১২ টি গ্রুপে বিভক্ত হয়ে লড়বে। প্রতিটি গ্রুপে চারটি করে দল থাকবে। সেখান থেকে গ্রুপের প্রথম দুই দল করে সুপার সিক্সটিনে কোয়ালিফাই করবে। স্বাগতিক হওয়ার সুবাদে মেক্সিকো 'এ' জোন, কানাডা 'বি' ও যুক্তরাষ্ট্র 'ডি'তে পড়েছে। বিশ্বকাপের গ্রুপপর্ব চলবে ২০২৬ সালের ১১ জুন থেকে ২৭ জুন পর্যন্ত। শেষ ৩২ এর ম্যাচগুলো ২৯ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত হবে। মেক্সিকোর গুয়াদালাহারা ও যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া বাদে বাকি ১৪টি ভেন্যুতে হবে এই রাউন্ডের ম্যাচগুলো। এই রাউন্ডের দুটি করে ম্যাচ হবে লস অ্যাঞ্জেলস ও ডালাসে।

পরবর্তীতে শেষ ১৬ রাউন্ডের খেলা চলবে ৪ থেকে ৭ জুলাই পর্যন্ত। কোয়ার্টার ফাইনাল হবে ৯ থেকে ১১ জুলাই, চারটি ম্যাচের ভেন্যু লস অ্যাঞ্জেলস, কানসাস সিটি, মায়ামি ও বোস্টন। দুটি সেমিফাইনাল হবে ডালাস ও আটলান্টায় যথাক্রমে ১৪ ও ১৫ জুলাই। মায়ামিতে ১৮ জুলাই হবে তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচ।

# বিশ্বকাপের সেমিফাইনাল: বৃষ্টি হলে কী হবে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপের মঞ্চে চার দল লড়াই করবে দুই সেমিফাইনালে। ফাইনালে ওঠার লড়াইয়ে টিকে থাকা চার দল হলো ভারত, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও আফগানিস্তান।

সেমিফাইনালের লাইনআপ অনুযায়ী, এই চার দলের মধ্যে প্রথম সেমিফাইনালে মুখোমুখি হবে দক্ষিণ আফ্রিকা ও আফগানিস্তান। ত্রিনিদাদ ও টোবাগোতে প্রথম সেমিফাইনালে মুখোমুখি হবে এই দুই দল। এরপর দ্বিতীয় সেমিফাইনালে ভারতের মুখোমুখি হবে ইংল্যান্ড। এই ম্যাচটি হবে গায়ানাতে।

এবারের বিশ্বকাপ জুড়ে বড় বাধার কারণ ছিল বৃষ্টি। সেমিফাইনালেও আছে বৃষ্টির সম্ভাবনা। কিন্তু শেষ চারের লড়াইয়ে বৃষ্টি হবে কী হবে? জানা যাক সেই সমীকরণ!

প্রথম সেমিফাইনাল

আগামীকাল ভোর সাড়ে ৬টায় শুরু আফগানিস্তান ও দক্ষিণ আফ্রিকার প্রথম সেমিফাইনাল। যেই ম্যাচের জন্য রাখা হয়েছে রিজার্ভ ডে। ফলে ত্রিনিদাদে ম্যাচটি বৃষ্টির বাধায় পড়লে প্রথমে ওভার কমিয়ে খেলানোর চেষ্টা করা হবে। অন্তত ১০ ওভার হলেও খেলা চালানোর চেষ্টা করা হবে। সেটা যদি না হয়। ম্যাচ যদি ভেসে যায় প্রথম দিন তাহলে রিজার্ভ ডে তে যাবে ম্যাচ। রিজার্ভ ডে তেও বাড়তি রাখা হয়েছে ১৯০ মিনিট।

প্রথম দিন যেখানে খেলা শেষ হবে দ্বিতীয় দিন সেখান থেকেই শুরু হবে। যদি রিজার্ভ ডেতেও ম্যাচ শেষ করা না যায় তাহলে সুপার এইটে পয়েন্ট তালিকায় যারা এগিয়ে থাকবে তারা যাবে ফাইনালে। সেক্ষেত্রে পয়েন্ট টেবিলে এগিয়ে থাকার সুবাদে ফাইনালে যবে দক্ষিণ আফ্রিকা।

দ্বিতীয় সেমিফাইনাল

দিনের দ্বিতীয় সেমিতে মুখোমুখি হবে ভারত ও ইংল্যান্ড। গায়ানায় ম্যাচটি শুরু বাংলাদেশ সময় রাত সাড়ে ৮টায়। অবাক করার ব্যাপার হলো এই ম্যাচে রাখা হয়নি রিজার্ভ ডে। কারণটা আইসিসি না জানালেও ধরা হচ্ছে সময়ের অভাব বলেই রাখা হয়নি রিজার্ভ ডে। কারণ, সেই ম্যাচের ৩৬ ঘণ্টার ব্যবধানে অনুষ্ঠিত হবে ফাইনাল।

এই ম্যাচেও নির্ধারিত সময়ের বাইরে মোট ২৫০ মিনিট বাড়তি সময় রাখা হয়েছে। বাড়তি সময়েও ম্যাচ শেষ না করা গেলে সুপার এইট পর্বে পয়েন্ট টেবিলে যারা এগিয়ে ছিল তারাই যাবে ফাইনালে। যেহেতু টেবিলের পয়েন্ট বেশি নিয়ে এক নম্বরে আছে ভারত। তাই ভারতই যাবে ফাইনালে।

## শামির সঙ্গে বিয়ের গুঞ্জন নিয়ে মুখ খুললেন সানিয়া মির্জার বাবা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরের জানুয়ারিতে শোয়েব মালিকের সঙ্গে সানিয়া মির্জার বিচ্ছেদের খবর গণমাধ্যমে আসে। সানিয়া-শোয়েবের আলাদা হওয়ার খবর সামনে আসার পর থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে শামি-সানিয়াকে নিয়ে নানা গুঞ্জন। তারা শিগগিরই বিয়ে করছেন- এমন পোস্টও ভাইরাল হয়েছে। উল্লেখ্যে, স্ত্রী হাসিন জাহানের সঙ্গে আদালতে শামির বিচ্ছেদ মামলা চলছে। সানিয়ার পরিবার সানিয়া মির্জা-শামির ফ্যানদের তৈরি পোস্ট নিয়ে রীতিমতো ক্ষুব্ধ। সম্প্রতি এনডিটিভিকে সানিয়ার বাবা ইমরান মির্জা বলেন, 'এগুলো একদম ভুয়া। আজ পর্যন্ত সানিয়া কখনো শামির সঙ্গে সাক্ষাৎ পর্যন্ত করেনি'। তিনি আরও বলেন, বিয়ে তো দূরের কথা, দু'জনের কখনও সামনাসামনি দেখা পর্যন্ত হয়নি। এক সপ্তাহ আগেই সামাজিক যোগাযোগ মাধ্যমে সানিয়া জানান, পবিত্র হজে যাওয়ার সুযোগ হয়েছে তার। তিনি বলেন, 'আমি চাই আরও ভালো মানুষ হিসেবে নিজেকে মেলে ধরতে। যেন আমার হৃদয় আরও দয়ালু হয় এবং ইমান আরও বেশি মজবুত হয়ে ওঠে'।

২০১০ সালে বিয়ে করেন সানিয়া ও শোয়েব। সানিয়া-শোয়েব দম্পতির একমাত্র সন্তান ইজহান সানিয়ার কাছেই রয়েছে। ছেলেকে ঘিরেই এখন তার সব স্বপ্ন।

## সর্বাধিক উইকেট শিকারের রেকর্ড মিচেল স্টার্কের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার পেসার মিচেল স্টার্ক ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপের আসরে সর্বাধিক উইকেট শিকারের রেকর্ড করেছেন। বিশ্বমঞ্চে ৫২ ম্যাচ খেলে ৯৫ উইকেট শিকার করে এই কীর্তি গড়েন তিনি। এতদিন এই রেকর্ড নিজের করে রেখেছিলেন শ্রীলঙ্কার সাবেক পেসার লাসিথ মালিঙ্গা।

শুক্রবার অ্যান্টিগার স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে বাংলাদেশের বিপক্ষে ম্যাচের শুরুতেই এই কীর্তি গড়েন স্টার্ক। প্রথম ওভারেই তানজিদ তামিমকে নিজের বিশ্বকাপ ক্যারিয়ারের ৯৫তম শিকার বানান তিনি।

স্টার্কের আগে বিশ্ব ক্রিকেটের আসরে ৬০ ম্যাচ খেলে ৯৪ উইকেট শিকার করেছিলেন মালিঙ্গা। লঙ্কান পেসারের চেয়ে ৮ ম্যাচ কম খেলেই সেই রেকর্ড ভেঙে দেন স্টার্ক।

বিশ্ব আসরে সর্বাধিক উইকেট শিকারির তালিকায় তৃতীয় স্থানে আছেন বাংলাদেশের সেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। ৭৭ ম্যাচ খেলে সাকিব নিয়েছেন ৯২ উইকেট।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি , নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR